

২০২০
স্নাতক পরীক্ষা
সাধারণ বাংলা
তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৮ = ১৬$
- ক) ‘ছেলেবেলা’ কোন্ শ্রেণির রচনা? রবীন্দ্রনাথ রচিত এই জাতীয় আর একটি গ্রন্থের নাম লেখো।
- খ) ‘স্যাকরা গাড়ি’ কী? দিনু স্যাকরা কে?
- গ) রাঁচির কোন্ পাহাড়ে জ্যোতিরিন্দ্রনাথ বাড়ি করেছিলেন? তাঁর যে জাহাজটি ডুবে গিয়েছিল, তার নাম কী?
- ঘ) ‘মধ্যবর্তিনী’ গল্পে মোট ক’টি পরিচ্ছেদ আছে? নিবারণ কোথায় চাকরি করতেন?
- ঙ) ‘কাবুলিওয়ালা’ গল্পটি প্রথম কোন্ পত্রিকায় কখন প্রকাশিত হয়?
- চ) রবীন্দ্রনাথের প্রথম ছোটগল্প গ্রন্থটির নাম লেখো।
- ছ) ‘নবান্ন’ নাটকের প্রথম অভিনয় হয়েছিল কবে? নাট্যকার বিজন ভট্টাচার্য সেখানে কোন্ ভূমিকায় অভিনয় করেছিলেন?

- জ) ‘নবান্ন’ নাটকে কলকাতার পটভূমিতে রচিত ক’টি দৃশ্য আছে? নির্মলবাবুকে কোন্ দৃশ্যে দেখা যায়?
- ঝ) গণনাটা সংঘের পরে বিজন ভট্টাচার্য আরও দু’টি নাট্যদলের সঙ্গে যুক্ত হয়েছিলেন। নাট্যদল দুটির নাম লেখো।
- ঞ) ‘রথের রশি’ নাটকের সূচনাপর্বে কোন্ উৎসবের কথা আছে?
- ট) ‘রথের রশি’ নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল? কবে এ নাটক লেখা হয়?
- ঠ) “কলিযুগে না চলে শাস্ত্র, না চলে শস্ত্র...।” — কার উক্তি? ‘শাস্ত্র’ ও ‘শস্ত্র’ কথাদুটির অর্থ লেখো।
- ২। প্রতিটি গ্রন্থ থেকে অন্ততঃ একটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৬ = ৩৬$
- ক) ভৃত্যদের মহলে বালক রবীন্দ্রনাথের দিন কাটত কেমন করে তা লেখো। ব্রজেশ্বর ও শ্যামের আরও একটি করে নাম ছিল, নাম দুটি কী কী?
- খ) “একটা কথা আমার রাখতেই হবে, তুমি কোনোদিন দাড়ি রেখো না।” — এটা কার আবেদন? রবীন্দ্রনাথের জীবনে তাঁর কী প্রভাব ছিল?
- গ) ‘ছেলেবেলা’ গ্রন্থে অতীত ও বর্তমানের যে প্রভেদ ধরা পড়েছে — সংক্ষেপে তার পরিচয় দাও।
- ঘ) “কিন্তু ঠিক মাঝখানে একটি মৃত বালিকা শুইয়া রছিল।” — বালিকাটির পরিচয় দাও। এই শূয়ে থাকার অর্থ কী?

- ঙ) “অবশেষে তাহার হাসি দেখিয়া তাহাকে চিনিলাম।” — কার কথা বলা হয়েছে? তার পিতৃস্বরূপের পরিচয় দাও।
- চ) “আমি তোমাদের কেহ? আমি এ পৃথিবীর!” — কার আর্ত উক্তি এটি? তার মানসিকতা সম্পর্কে লেখো।
- ছ) “আর তারপর সব চাইতে বড় কথা ইজ্জৎ! মেয়েমানুষের ইজ্জৎ!!” — বক্তা কে? কোন্ পরিস্থিতিতে এ কথা বলা হয়েছিল?
- জ) “বিলের ধারে ঐ যে বিঘে তিনেক খামার জমি আছে না জেঠার? তাই বলছিল, বিক্রি ক’রে ফেলি।” — কার উক্তি? জেঠা কে? জমি বিক্রির পরিস্থিতি কেন তৈরি হয়েছিল তা আলোচনা করো।
- ঝ) “ওদের সঙ্গে মিলে ধরো সে রশি, বাঁচবার দিকে ফিরিয়ে আন রথটাকে।” — কাদের প্রতি, কার পরামর্শ এটি? কেন একথা বলা হয়েছে?
- ঞ) ‘রথের রশি’ নাটকে মহিলা চরিত্রগুলির বৈশিষ্ট্য আলোচনা করো।

৩। প্রতিটি গ্রন্থ থেকে অন্ততঃ একটি প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $৪ \times ১২ = ৪৮$

- ক) “ছাদের রাজ্যে নতুন হাওয়া বইল, নামল নতুন ঋতু।” — ছাদটি কোথায়? নতুন ঋতুর নতুন হাওয়া কেমন করে রবীন্দ্রনাথকে গড়ে তুলেছিল? $২+১০$
- খ) রবীন্দ্রনাথ কত বছর বয়সে, কেন বিলাতে গিয়েছিলেন? সেখানে তাঁর লেখাপড়া এবং দিনযাত্রার পরিচয় দাও। $২+১০$

- গ) ‘স্বীর পত্র’ গল্পে নারীর প্রতিবাদ কীভাবে ফুটে উঠেছে দেখাও। গল্পের অন্তিম সম্ভাষণটি হুবহু উদ্ধৃত করো। $১০+২$
- ঘ) অতিপ্রাকৃত গল্প হিসেবে ‘নিশিথে’র সার্থকতা বিচার করো। ১২
- ঙ) ‘নবান্ন’ নাটকে নারী চরিত্রগুলির ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো। ১২
- চ) কোন্ সামাজিক, ঐতিহাসিক, রাষ্ট্রনৈতিক এবং আন্তর্জাতিক পটভূমিতে ‘নবান্ন’ নাটক লেখা হয়েছিল? ব্যাখ্যা করো। ১২
- ছ) রূপক-সাংকেতিক নাটক হিসাবে ‘রথের রশি’ কতটা সফল? রবীন্দ্রনাথের লেখা এই শ্রেণির আরও দুটি নাটকের নাম লেখো। $১০+২$
- জ) ‘রথের রশি’ নাটকে শূদ্র জাগরণের কথা কীভাবে উঠে এসেছে তা দেখাও। এই প্রসঙ্গে রবীন্দ্রনাথের কোন্ রচনাটি অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে ওঠে তা লেখো। $১০+২$